

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমুদ্র পরিবহন অধিদপ্তর  
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)  
ঢাকা-১০০০

নং - আইএস-৮৬/নলেজ/০২/৩৮২০


তারিখ : ১৯/৮/২০০৮

- ১। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এর কার্যালয়, সদরঘাট, ঢাকা।
- ২। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এর কার্যালয়, বরফকল ঘাট, নারায়নগঞ্জ।
- ৩। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এর কার্যালয়, বরিশাল।
- ৪। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌ বাণিজ্য অধিদপ্তর, সিজিও ভবন, আশ্রাবাদ, চট্টগ্রাম।
- ৫। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এর কার্যালয়, পুরাতন মংলা বন্দর ভবন, টাউন খালিশপুর, খুলনা।

বিষয় : ডিসপেনসেশন সনদ জারীর কতিপয় শর্তসমূহ

অত্র অধিদপ্তরের ১১/৬/২০০৮ তারিখের আইএস-১৫/মা.অভি.তদ/৯৯/২৭৭৪ নং সার্কুলারের ক্রমানুসারে ডিসপেনসেশন সনদ (অধিদপ্তর কর্তৃক অনুমোদিত নমুনা) জারীর পূর্বে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করতে সংশ্লিষ্ট সকল সার্ভেয়ারকে নির্দেশ প্রদান করা হলো।

- ১। অনূর্ধ্ব ২৭২ বিএইচপি ইঞ্জিন বিশিষ্ট বালিবাহী নৌযান/ড্রেজার এবং অনূর্ধ্ব ১০০ জন যাত্রী বহনকারী নৌযান পরিচালনাকারী মাস্টার ও ড্রাইভারের অনুকূলে ডিসপেনসেশন সনদ জারী করা যাবে। ডিসপেনসেশন জারীর পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করতে হবে :
  - (ক) প্রার্থী শ্রমিক সংগঠনের সদস্য হতে হবে; এবং
  - (খ) মালিক/মাস্টার কর্তৃক নৌযান পরিচালনায় ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সনদ দাখিল করতে হবে; এবং
  - (গ) কোন ইন্সটিটিউট কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ বা সমুদ্র পরিবহন অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ ক্যাম্পে অংশ গ্রহণ করতে হবে; এবং
  - (ঘ) সার্ভেয়ার কর্তৃক পরিচালিত মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ২। ১০০ জন এর অধিক যাত্রী বহনকারী নৌযানের ক্ষেত্রে প্রথম মাস্টার/ড্রাইভার যথাযথ থাকা সাপেক্ষে দ্বিতীয় মাস্টার/ড্রাইভারের ক্ষেত্রে অনুচ্ছেদ ১ এর শর্ত পূরণ সাপেক্ষে ডিসপেনসেশন জারী করা যাবে।
- ৩। যে সকল প্রার্থীর অনুকূলে ডিসপেনসেশন সনদ জারী করা হবে তা একটি রেজিস্টারে এতদসঙ্গে সংযুক্ত ছক অনুযায়ী লিপিবদ্ধ করতে হবে। প্রতিটি সার্ভে স্টেশন থেকে ডিসপেনসেশন সনদে একটি ইউনিক নম্বর দিতে হবে, যেমন - ঢাকা/০০১, নারায়নগঞ্জ/০০১, বরিশাল-০০১, খুলনা/০০১, চট্টগ্রাম/০০১ এভাবে পরপর নম্বর দিয়ে ইস্যু করতে হবে। কোন ডিসপেনসেশনের মেয়াদ ৬(ছয়) মাসের অধিক হবে না। প্রতিটি ডিসপেনসেশন প্রার্থীর ছবি, আইডি কার্ড নম্বর ও মেয়াদ স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৪। প্রতিটি সার্ভে অফিসে একটি ডিসপেনসেশন ফাইল সংরক্ষণ করতে হবে এবং সেখায় প্রতিটি সনদের বিপরীতে সদস্য পদ, প্রশিক্ষণ, আইডি কার্ডের ও মৌখিক পরীক্ষার ফলাফলের কাগজ সংরক্ষণ করতে হবে।



(ক্যাপ্টেন এ.কে.এম. শফিকউল্লাহ)  
মহাপরিচালক (চঃ দাঃ)

বিতরণ :

- ১। অধ্যক্ষ, ডিইপিটিসি, সোনাকান্দা, নারায়নগঞ্জ।
- ২। পরিদর্শক, অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়, ঢাকা/নারায়নগঞ্জ/বরিশাল/খুলনা/চাঁদপুর/চট্টগ্রাম।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ আন্ডারসীং নৌ চলাচল (সাপ) সংস্থা ১৪ পুরানা পল্টন দাফতর সাল্লাস অর্কোড (৫ম তলা) ঢাকা।